

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ১৫৪৮

আগরতলা, ২১ জুলাই, ২০১৮

আলোকশিল্পী দেবল চ্যাটার্জীর মরদেহে মুখ্যমন্ত্রীর পুষ্পার্ঘ্য অর্পণ

আজ সন্ধ্যায় রবীন্দ্র শতবার্ষিকীভবন প্রাঙ্গণে রাজ্যের প্রখ্যাত আলোক শিল্পী প্রয়াত দেবল চ্যাটার্জীর মরদেহে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তাছাড়া পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন শিক্ষামন্ত্রী রতন লাল নাথ, আগরতলা প্রেস ক্লাবের কর্মকর্তাগণ, শিল্পী-সাহিত্যিকগণ, প্রয়াতের পুত্র-কন্যা ও আত্মীয় স্বজন। শ্রদ্ধাজ্ঞাপনের পর মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, শিল্পী দেবল চ্যাটার্জীর প্রয়াণে রাজ্যে শিল্প সংস্কৃতির অপূরণীয় ক্ষতি হল। তাঁর কর্মপ্রচেষ্টা সারা রাজ্যে ছড়িয়ে রয়েছে। তিনি একজন বিশিষ্ট শিল্পী ছিলেন। প্রয়াতের বিদেহী আত্মার চিরশান্তি কামনা করছি। সমবেদনা জানাই ছেলে-মেয়ে ও পরিবারবর্গকে।

উল্লেখ্য, শিল্পী দেবল চ্যাটার্জী গতকাল সন্ধ্যায় কলকাতার এক বেসরকারী নার্সিংহোমে প্রয়াত হন।
